

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৩.১৭- ৩৫০

তারিখ ২২.০৪.২০১৮ খ্রি।

বিষয়: সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন সাতক্ষীরা আলিয়া কামিল মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মো: আখতারুজ্জামান (ফকিহ)-কে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

সূত্রঃ (১) সাতক্ষীরা আলিয়া কামিল মাদরাসার স্মারক নং-

তারিখ: ০৮.০৪.২০১৮ খ্রি।

(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৩.১৭-

তারিখ: ২২.০৪.২০১৮ খ্রি।

(৩) সাতক্ষীরা আলিয়া কামিল মাদরাসার স্মারক নং-সআকামা/প্রসা/প্রতি/দা:২০১৮/২৪০

তারিখ: ৩০.০৪.২০১৮ খ্রি।

(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬

তারিখ: ০৬.০৬.২০১১ খ্রি।

(৫) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪

তারিখ: ০৯.০৭.২০১২ খ্রি।

(৬) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/৪০৭৩

তারিখ: ০১.১১.২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা আলিয়া কামিল মাদরাসার সাতজন শিক্ষক কর্তৃক স্বাক্ষরিত সূত্রোক্ত ১ নং স্মারক মূলে বিষয়োক্ত মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষককে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব প্রদান সংক্রান্ত একটি লিখিত অভিযোগ আবেদন এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. তাঁদের (সাতজন শিক্ষক) আবেদনের প্রেক্ষিতে জ্যেষ্ঠতম শিক্ষককে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব হস্তান্তরের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে মহোদয়কে অনুরোধপূর্বক একটি পত্র প্রেরণ করা হয়।

০৩ এর প্রেক্ষিতে মহোদয় কর্তৃক একটি জবাবী পত্র এ অধিদপ্তরে সূত্রোক্ত ০৩ স্মারকে এ অধিদপ্তরে প্রেরণ করা হয়।

০৪. জবাবী পত্রে মহোদয় কর্তৃক জানানো হয়েছে যে, ১১.০৬.২০১৬ তারিখে গভর্নিং বডির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মো: আখতারুজ্জামান (ফকিহ) এর বিরুদ্ধে নাশকতার মামলা থাকায় তাঁকে (জনাব মো: আখতারুজ্জামান (ফকিহ) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব প্রদান করা হয়নি।

০৫. জনাব মো: আখতারুজ্জামান (ফকিহ) এর বিরুদ্ধে নাশকতার মামলা থাকলেও তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হয়নি। অবিকল্প: তিনি চাকুরীতে বহাল আছেন, এমপিও শীটে তাঁর নাম বিদ্যমান আছে এবং তিনি নিয়মিতভাবে সরকারী অংশের বেতন-ভাতাদি প্রাপ্ত হচ্ছেন।

০৬. যেহেতু জনাব মো: আখতারুজ্জামান (ফকিহ) চাকুরীতে বহাল আছেন এবং নিয়মিতভাবে সরকারি অংশের বেতন-ভাতা ভোগ করছেন সেহেতু মাদরাসাটির একাডেমিক ও প্রশাসনিক শৃংখলা রক্ষার জন্য, সর্বোপরি শিক্ষা মন্ত্রণালয়ের ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত মাদরাসাটির জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মো: আখতারুজ্জামান (ফকিহ) -কে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব হস্তান্তর প্রয়োজন।

০৭. এমতাবস্থায় সাতক্ষীরা আলিয়া কামিল মাদরাসায় অধ্যক্ষ/উপাধ্যক্ষ দায়িত্ব প্রাপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ৪ ও ৫ নং স্মারক আদেশ এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সূত্রের ৬ নং স্মারক আদেশ অনুসরণপূর্বক জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মো: আখতারুজ্জামান (ফকিহ)-কে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে আগামি ৩১.০৫.২০১৮ খ্রি: তারিখের মধ্যে দায়িত্ব হস্তান্তর করে এ অধিদপ্তরকে অবহিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

21.05.18

(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৬৭

ই-মেইল- dgdmeb.@gmail

১. জনাব মো: মোস্তাফা শামসুজ্জামান, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সাতক্ষীরা আলিয়া কামিল মাদরাসা  
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, পরিবহনপুল, ৯ম তলা, ঢাকা।

২. সভাপতি, সাতক্ষীরা আলিয়া কামিল মাদরাসা।

৩. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরা।

৫. অফিস কপি।